56

দৈনিক বাংলা

তারিখ 10 FEB 1996

পৃষ্ঠা ৭ কলাম ৭

# ঢাকা ভার্সিটির ১১ হলে তল্লাশি গ্রেফতার ৯

স্টাফ রিপোর্টার ঃ গত বৃহস্পতিবার ভোররাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল (১১টি) ছাত্র হলে অবৈধ অস্ত্র উদ্ধারের লক্ষ্যে ব্যাপক তল্লাশি অভিযান চালানো হয়। এ সময় বিভিন্ন অভিযোগে মোট ৯ জন ছাত্রকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃতদের ৮ জন ঢাকা বিশ্ববিদালয়ের ফজলুল হক হলের এবং ১ জন শহীদুল্লাহ হলের ছাত্র বলে পুলিশ জানায়। ফজলুল হক হলের ছাত্ররা হলেন ঃ শাহেদ আলী, রেজাউল করিম, হামিদুর রহমান, এ কে এম জীবন, ইমরুল কায়েস, কবির, তাজেরুল ইসলাম ও হেদায়েত আহমেদ। গ্রেফতারকৃত শহীদুল্লাহ হলের ছাত্রের নাম রুবায়েত বিন রহমান।

রমনা থানা পুলিশ জানায়, গ্রেফতারকৃতরা সবাই সন্দেহজনক আচরণের কারণে ৫৪ ধারায় গ্রেফতার হয়েছে। এই ব্যাপারে ফজলুল হক হলের প্রভোস্টের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, গ্রেফতারকৃতদের কেউই অস্ত্রধারী সন্ত্রাসী নয়। তিনি বলেন, হল কর্তৃপক্ষ ইতি-

(৪-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটির ১১টি

(প্রথম পৃষ্ঠার পর)

মধ্যেই রমনা থানায় যোগাযোগ করেছেন। কিছু আনুষ্ঠানিকতার পর আজই গ্রেফতারকৃতদের ছেড়ে দেয়া হবে বলে পুলিশ তাদের জানিয়েছে।

আর্মি-বিডিআর ও পুলিশের যৌথবাহিনী আর্মির নেতৃত্বে এই তল্লাশি অভিযান চালায়। তল্লাশি অভিযানে জহুরুল হক হল থেকে ২টি স্টেনগানের ম্যাগাজিন, অন্যান্য হল থেকে একটি চাপাতি, একটি রামদা, ২টি ককটেল, ১টি খেলনা পিস্তল ও কয়েকটি পিস্তলের গুলি উদ্ধার করা হয়েছে।

রাত সাড়ে তিনটা থেকে ভোর পর্যন্ত এই তল্লাশি অভিযান চলে। এই লক্ষ্যে রাত দেড়টা থেকে যৌথবাহিনী ক্যাম্পাসে অবস্থান নেয়। তারা সকল হল ঘিরে ফেলে এবং রাত ৩টায় তল্লাশির লক্ষ্যে প্রতিটি হলের প্রভোস্ট হাউস টিউটরদের খবর পাঠায়। সেহরির সময় শেষ হওয়ার পরপরই একযোগে সকল হলে এই তল্লাশি অভিযান শুরু হয় এবং ভোর পর্যন্ত তা চলে। অভিযানকালে হলের তালাবদ্ধ সকল কক্ষেরই তালা ভেঙ্গে তল্লাশি চালানো হয়।